

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 24-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

CM-Press Meet :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, নারী শক্তি বন্দন অধিনিয়ম বিলের বিরোধিতা মানে নারী ও দেশের ভবিষ্যৎ অন্ধকারময় করে তোলা। গতকাল আগরতলায় প্রদেশ বিজেপি কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন। তিনি বলেন, এই বিলের বিরোধিতা করে বিরোধী দলগুলি নারীদের শুধুমাত্র অধিকার থেকে বঞ্চিত করেছে। পাশাপাশি আত্মমর্যাদায়ও আঘাত এনেছে। শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সবসময় সবকিছু সাথে সবকিছু বিকাশের এবং নারীদের আত্মমর্যাদা রক্ষায় নিরলসভাবে কাজ করে চলেছেন। সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়িকা মীনা রানী সরকার ও অন্তরা দেব সরকার।

Election :

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে গতকাল প্রথম পর্যায়ের ১৫২টি আসনে ভোট গ্রহণ করা হয়। নির্বাচন কমিশনের সর্বশেষ প্রাপ্ত খবর অনুযায়ী ভোটের হার ৯২ শতাংশের বেশি। এই নির্বাচনে গতকাল ১৬৭ জন মহিলা সহ মোট ১,৪৭৮ জন প্রার্থী ভাগ্য নির্ধারণ করা হয়। উল্লেখ্য, আগামী ২৯শে এপ্রিল পশ্চিমবঙ্গের ১৪২টি আসনে দ্বিতীয় দফার ভোট গ্রহণ।

এদিকে, তামিলনাড়ুতেও গতকাল বিধানসভা নির্বাচনে ২৩৪টি আসনে ভোট গ্রহণ করা হয়। নির্বাচন কমিশনের সর্বশেষ প্রাপ্ত খবর অনুযায়ী ভোটের হার ৮৪ শতাংশের বেশি।

Amit Shah:

বিজেপির বরিষ্ঠ নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, পশ্চিমবঙ্গে প্রথম দফার ভোটগ্রহণে সন্তোষ প্রকাশ করেছেন। গতকাল হুগলি জেলার বলাগড় ও পুরসুরায় জনসভায় ভাষণ দিতে গিয়ে তিনি দাবি করেন, শাসক দলের মদতপুষ্ট দুষ্কৃতকারীরা মানুষকে ভোট দেওয়া থেকে বিরত রাখতে ব্যর্থ হয়েছে।

শ্রী শাহ, ভোটারদের ২৯শে এপ্রিল আবারও নির্ভয়ে ভোট দিতে আসার আহ্বান জানিয়েছেন।

এদিকে, তৃণমূল কংগ্রেসের সুপ্রিমো তথা রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল কোলকাতার চৌরঙ্গিতে এক জনসভায় বলেন এবার প্রত্যেকেই ভোট দিয়েছেন কারন অসংখ্য মানুষের নাম নির্মমভাবে বাদ দেওয়ায় কেউ ঝুঁকি নিতে রাজি ছিলেন না।

Border Village :

ভারত সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের নির্দেশে খোয়াই জেলার ভারত বাংলাদেশ আন্তর্জাতিক সীমান্ত সংলগ্ন গ্রাম গুলোর সক্ষমতা বৃদ্ধির উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এই উদ্দেশ্যে গতকাল খোয়াই জেলার জেলাশাসক রজত পন্ডের পৌরহিত্যে এক বৈঠকে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলাশাসক, পুলিশ সুপার ও ব্লক আধিকারিকগন সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিকগন। এই বৈঠকে

সীমান্তবর্তী রকের গ্রামগুলোর রাস্তা, বিদ্যুৎ, ইন্টারনেট, ডি.টি.এইচ পরিষেবা কিভাবে আরও উন্নত করা যায়, সে বিষয়ে একটি রুপরেখা তৈরি করা হয়েছে।

Special Train:

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণব, গতকাল নয়াদিল্লিতে, গ্রীষ্মকালীন মরসুমে অতিরিক্ত ট্রেন চালানোর বিষয়টি পর্যালোচনা করেছেন। রেল মন্ত্রক জানিয়েছে যে, যাত্রী ভিড় কমাতে রেল কর্তৃপক্ষ ১৫ই জুলাই পর্যন্ত আঠারো হাজারেরও বেশি গ্রীষ্মকালীন বিশেষ ট্রেন চালানোর পরিকল্পনা করছে। ইতোমধ্যেই এগারো হাজারেরও বেশি ট্রেন যাত্রার বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। নয়াদিল্লি, মুম্বাই, সুরাট, আহমেদাবাদ এবং ব্যাঙ্গালোরের মতো স্টেশনগুলিতে, যাত্রীদের নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করা এবং পরিষেবা প্রদানের উন্নতির জন্য-ও প্রচেষ্টা চালানো হচ্ছে।

CBSE :

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন বা সিবিএসই পরিচালিত দশম শ্রেণি পরীক্ষার দ্বিতীয় পর্ব আগামী ১৫ই মে থেকে শুরু হবে। যেসকল ছাত্রছাত্রী তাদের প্রাপ্ত নম্বর উন্নত করতে চায়, তাদের জন্য এই পরীক্ষাটি ঐচ্ছিক। উত্তীর্ণ সকল ছাত্রছাত্রীকে বিজ্ঞান, গণিত, সমাজবিজ্ঞান এবং ভাষা-এই বিষয়গুলোর মধ্যে যেকোনো তিনটিতে পারদর্শিতা উন্নত করার সুযোগ দেওয়া হবে।

Earth Day :

বিশ্ব ধরিত্রী দিবস উপলক্ষ্যে গত বুধবার প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সামাজিক মাধ্যমে বলেন, ধরিত্রীর রক্ষা করা কেবল সবার সম্মিলিত কর্তব্যই নয়, বরং ভবিষ্যৎ প্রজন্মের প্রতি এক পবিত্র অঙ্গীকারও বটে।

বিশ্ব ধরিত্রী দিবস উপলক্ষ্যে আকাশবাণীর নিউজ সার্ভিসেস ডিভিশনের মহাপরিচালক ড. ধীরাজ এম. কাকাদিয়া গত বুধবার নয়াদিল্লির আকাশবাণী ভবনে আধিকারিক ও কর্মচারীদের শপথ বাক্য পাঠ করান।

এ উপলক্ষ্যে গত বুধবার বিধান শিশুউদ্যান মেধা অন্তেষার উদ্যোগে আগরতলার বাণী বিদ্যাপীঠ দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে বৃক্ষরোপণ কর্মসূচির আয়োজন করা হয়।

Mann Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে এপ্রিল, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে মাসিক এই অনুষ্ঠানে ১৩৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের স্ফুটিক্ত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন আজ পর্যন্ত খোলা থাকবে।

T-20 Cricket :

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সমীরণ চক্রবর্তী স্মৃতি ঘরোয়া টি-২০ ক্রিকেট প্রতিযোগিতায় আজ আসরের শেষ দুটি কোয়ার্টার ফাইনাল অনুষ্ঠিত

হবে। গতকালের কোয়ার্টার ফাইনালে জিতে ব্লাডমাউথ ক্লাব ও শতদল সংঘ প্রতিযোগিতার সেমিফাইনালে উঠেছে।

Weather :

আজ দুপুর পর্যন্ত আগরতলা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। আবহাওয়া থাকবে উষ্ণ এবং আর্দ্র। বিক্ষিপ্তভাবে দু'এক পশলা হালকা থেকে মাঝারি বৃষ্টি বা বজ্র সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭ ডিগ্রির কাছাকাছি থাকতে পারে। আগরতলা বিমানবন্দরে আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস।
